

## Model Activity task 2021(August)

### Class 7 History ( Part-5)

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট সপ্তম শ্রেণী |পরিবেশ ও ইতিহাস|( পার্ট -৫)

### ১ ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মেলাও

ক স্তম্ভ	খ স্তম্ভ
১.১ খলিফার অনুমোদন	(গ) ইলতুতমিশ
১.২ সিজদা ও পাইবস	(ক) গিয়াসউদ্দিন বলবন
১.৩বাজারদর নিয়ন্ত্রণ	(ঘ) আলাউদ্দিন খলজি
১.৪ আমুক্তমাল্যদ	(খ) কৃষ্ণ দেব রায়

### ২. শূন্যস্থান পূরণ করো :

- ২.১) বন্দেগান-ই-চিহলগানির সদস্য ছিলেন সুলতান গিয়াসউদ্দিন বলবন।
- ২.২) বাংলার প্রথম স্বাধীন সুলতান ছিলেন সুলতান শামসুদ্দিন ইলিয়াস শাহ।
- ২.৩) পোর্তুগিজ পর্যটক পেজ বিজয়নগর পরিভ্রমণ করেন।
- ২.৪) বিজয়নগর পরাজিত হয়েছিল ১৫৬৫ খ্রিষ্টাব্দে তালিকোটার যুদ্ধে।

### ৩. সংক্ষেপে উত্তর দাও (৩০-৫০ টি শব্দ):

#### ৩.১) ইকতা ব্যবস্থা কী ?

উত্তরঃ ইকতা ব্যবস্থা: সুলতানরা ক্রমাগত রাজ্য জয় করায় সাম্রাজ্যের আয়তন বেড়ে যাওয়ায় সুলতানরা যে সব রাজ্য জয় করতেন, সেই রাজ্যগুলির দায়িত্ব এক একজন সামরিক নেতার উপর দেওয়া হত। এই রাজ্যগুলিকে এক একটি প্রদেশের মতো ধরে নেওয়া হত, এগুলিকে বলা হত ইকতা। ইকতার দায়িত্বে যিনি থাকতেন তাকে বলা হত ইকতাদার বা মুক-তি বা ওয়ালি।

#### ৩.২) খলজি বিপ্লব বলতে কী বোঝ?

উত্তরঃ ১২৯০ খ্রিস্টাব্দে হিন্দুস্থানি জালালউদ্দিন ফিরোজ খলজি বলবনের বংশধরদের ক্ষমতা থেকে সরিয়ে দিয়ে সুলতান হন। এই ঘটনাকে 'খলজি বিপ্লব' বলা হয়। এর ফলে দিল্লিতে ইলবারি তুর্কি অভিজাতদের ক্ষমতা চলে যায়। তার বদলে খলজি তুর্কি ও হিন্দুস্তানিদের ক্ষমতা বেড়ে গিয়েছিল।

### ৪. নিজের ভাষায় লেখো (১০০ - ১২০ টি শব্দ):

## কৃষ্ণদেব রায়কে কেন বিজয়নগরের শ্রেষ্ঠ শাসক বলা হয়?

উত্তরঃ কৃষ্ণদেব রায় ছিলেন বিজয়নগরের রাজ্যের বিখ্যাত শাসক। তার রাজত্বকালে বিজয়নগরের গৌরব সবথেকে বেড়েছিল। সে সময়ে সাম্রাজ্যের সীমা বেড়েছিল। অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যের প্রসার হয়েছিল। এছাড়াও শিল্প-সাহিত্য, সংগীত এবং দর্শনশাস্ত্রের উন্নতি তার সময় লক্ষ্য করা যায়। কৃষ্ণদেব রায় নিজেও একজন সাহিত্যিক ছিলেন। তেলেগু ভাষায় লেখা আমুক্তমাল্যদ গ্রন্থে তিনি রাজার কর্তব্যের কথা লিখেছেন। বিজয়নগরের রাজাদের মধ্যে তিনি সর্বাপেক্ষা পন্ডিত এবং সর্বোত্তম একজন মহান শাসক এবং সুবিচারক সাহসী সর্বগুণস্বিত ছিলেন, একথা বলেছিলেন পর্তুগিজ পর্যটক পেজ। এই সমস্ত কারণগুলোর জন্যই কৃষ্ণদেব রায়কে বিজয়নগরের শ্রেষ্ঠ শাসক বলা হয়।